

আপনিও
হাসি ফোটাতে পারেন
একজন দুঃস্থ
অসহায় রোগীর মুখে...

# রোগীকল্যাণ বার্তা

প্রথম বর্ষ - প্রথম সংখ্যা, জানুয়ারি ২০১৯। রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজ সেবা কার্যালয়, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল | www.rksbd.com



## শুভেচ্ছাবাণী

আর্তপীড়িতের সেবাই সর্বোত্তম সেবা। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সমাজসেবা অধিদফতরের অধীনে পরিচালিত রোগীকল্যাণ সমিতি ১৯৬২ সাল হতে আর্ত পীড়িত মানুষের সেবা করে যাচ্ছে। একাধিকবার জাতীয় সমাজসেবা দিবসে শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্ত এ সমিতি এ পর্যন্ত তিন লক্ষেরও অধিক রোগীকে সেবা দিয়েছে। সমিতির বহুবিধ কার্যক্রম সকলের মাঝে প্রকাশের মহৎ উদ্দেশ্যে রোগীকল্যাণ বার্তা নামে ত্রৈমাসিক নিউজ লেটার প্রকাশের যে উদ্যেগ নেয়া হয়েছে তাতে সকলের সহযোগিতা কামনা করছি। রোগীকল্যাণ বার্তা প্রকাশনার লক্ষ্যে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন তাঁদের সবাইকে রোগীকল্যাণ সমিতির পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। সে সাথে কৃতজ্ঞতা জানাচ্ছি প্রথম সংখ্যাটি প্রকাশের জন্য আর্থিক সহায়তা প্রদানকারী প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন কর্তৃপক্ষকে।

**ব্রিগেডিয়ার জেনারেল**
**মোহসেন উদ্দিন আহমদ**
সভাপতি
রোগীকল্যাণ সমিতি।



# ২০১৮ সালে চিকিৎসা সহায়তা পেল ২০,২২২ জন রোগী

১৯৬২ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে প্রতিষ্ঠা হয় রোগীকল্যাণ সমিতি। এর পর থেকে বিগত ৫৬ বছরে এই সমিতি প্রায় ৩ লক্ষ হতদরিদ্র রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করেছে। এটি সমাজসেবা অধিদফতরের অধীনে পরিচালিত নিবন্ধনকৃত একটি সংগঠন। ৫৬ বছর আগে এই সংগঠন গড়ার পিছনে যে চিন্তা ছিল তা হলো চমেক হাসপাতালে যে রোগীরা চিকিৎসা নিতে আসেন তারা বেশির ভাগই হতদরিদ্র। আর্থিক সীমাবদ্ধতার কারনে সমস্ত রোগীর দায়দায়িত্ব হাসপতাল কর্তৃপক্ষ নিতে পারেনা। যেহেতু হাসপাতালে আসা অসচ্ছল রোগী ও পরিত্যক্ত শিশু যাদের কোন অভিভাবক থাকেনা, তাদের সহায়তায় এগিয়ে আসে রোগীকল্যাণ সমিতি। এরই ধারাবাহিকতায় জানুয়ারী ২০১৮ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ২০,২২২ জন। এছাড়াও রোগী কল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আগত অসহায়, পীড়িত, দুঃস্থ, দরিদ্র ও নানাবিধ সমস্যার সম্মুখীন রোগীরা যাতে চিকিৎসা সেবা যথাযথ ভাবে গ্রহন করতে পারে সে জন্য পরামর্শ, দিক নির্দেশনা এবং মনস্তাত্ত্বিক সহযোগিতাসহ বিভিন্ন ওয়ার্ডে ভর্তিকৃত গরীব অসহায় রোগীদের ঔষধ, পথ্য, চিকিৎসা সামগ্রী, চশমা ও লেন্স, রক্ত, হুইলচেয়ার, ক্র্যাচ, কৃত্রিম অংগ, শীতবস্ত্র, যাতায়াত এ্যম্বুলেন্স ভাড়া প্রভৃতি সাহায্য দেয়া হয়। ৩য় পৃষ্ঠায়

## ১০ কোটি টাকার তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা

অসহায় ও দুস্থ রোগীদের কল্যাণে নিয়োজিত সমাজসেবা অধিদফতরাধীন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতি ১০ কোটি টাকার একটি স্থায়ী তহবিল সংগ্রহের উদ্যেগ গ্রহন করেছে। বিভিন্ন উৎস থেকে যে দান বা যাকাতের অর্থ পাওয়া যায় তা বছরে ৬০ থেকে ৯০ লাখ টাকার মত। সরকার থেকে কিছু অর্থ বরাদ্দ পাওয়া যায়। সব মিলিয়ে টাকার পরিমান দাড়ায় ১ কোটি টাকা। কিন্তু এই টাকায় চমেক হাসপাতালে আসা রোগীদের চাহিদা পূরন করা সম্ভব না হওয়ায় এই তহবিল করার সিদ্ধান্ত হয়। এ লক্ষ্যে সিটি মেয়র এক সংবাদ সম্মেলনে ১০ কোটি টাকার একটি ফান্ড গঠনের ঘোষনা দেন। গত এপ্রিল মাসে। ৩য় পৃষ্ঠায়

## উপদেষ্টা মন্ডলী

আলহাজ্ব সুফী মোহাম্মদ মিজানুর রহমান
প্রফেসর এল. এ কাদেরী
আলহাজ্ব গোলাম মোহাম্মদ
আলহাজ্ব মোহাম্মদ নেজাম উদ্দিন
আলহাজ্ব সফিক আহমদ (হাজী সফিক)

## কার্যকরী পরিষদ

সভাপতি (পদাধিকার বলে)
ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ
পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল

সহ-সভাপতি
উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম (পদাধিকার বলে)
আলহাজ্ব ডা: তৈয়ব সিকদার
আলহাজ্ব এম. এ. মোতালেব সিআইপি
আলহাজ্ব এস. এম . মোরশেদ হোসেন

সাধারণ সম্পাদক (পদাধিকার বলে)
অভিজিৎ সাহা
সমাজসেবা অফিসার

যুগ্ম সম্পাদক (পদাধিকার বলে)
তানজিনা আফরিন
সমাজসেবা অফিসার

অর্থ সম্পাদক
মোহাম্মদ জাহাঙ্গীর মোস্তফা

তথ্য, প্রকাশনা ও প্রচার সম্পাদক
আলহাজ্ব হাফেজ মোহাম্মদ আমান-উল্লাহ

সাংগঠনিক সম্পাদক
ডা: এম এ মান্নান

সমাজ কল্যাণ সম্পাদক
আলহাজ্ব বোরহানা কবির

পাঠাগার সম্পাদক
আলহাজ্ব জিয়াউদ্দিন খালেদ চৌধুরী

কার্যকরী সদস্য
আলহাজ্ব মুহাম্মদ আনোয়ারুল ইসলাম
আলহাজ্ব মাহমুদুল হাসান
আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকী
আলহাজ্ব মিনু আলম
আলহাজ্ব রোকেয়া জামান
আলহাজ্ব ডা: এম এ জাফর
আলহাজ্ব কামাল উদ্দিন আহম্মদ
আলহাজ্ব সাব্বির আহমদ
ডা: হাফসা ছালেহ
অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ
আলহাজ্ব মোহাম্মদ নজরুল ইসলাম
মোহাম্মদ আবছার উদ্দিন চৌধুরী
আলহাজ্ব মোহাম্মদ শাহজাহান


# সম্পাদকীয়

পবিত্র হাদীস শরীফে আছে “যখন কেউ একজন রোগীকে দেখতে যায় আর যতক্ষণ সে রোগীর পাশে থাকে, ততক্ষণ সে বেহেস্তের ফুল তুলতে থাকে”। রোগীর সেবাকে ধর্মীয় দৃষ্টিকোণ হতে অত্যধিক গুরুত্ব দেয়া হয়েছে। আর্ত পীড়িত রোগীদের সেবার মহৎ উদ্দেশ্য নিয়ে সমাজসেবা অধিদফতরের হাসপাতাল সমাজসেবা কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। আর এ কার্যক্রমের অধীনে অন্যতম সহযোগী হিসেবে পরিচালিত হচ্ছে “রোগীকল্যাণ সমিতি”। ১৯৬২ সালের ১৩ ডিসেম্বর চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের বিভিন্নভাবে সহায়তা করে যাচ্ছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বার্ষিক আর্থিক অনুদান ছাড়াও স্থানীয় দানশীল ব্যক্তি ও প্রতিষ্ঠান সমূহের দান, অনুদান ও যাকাত হতে প্রাপ্ত আয় দিয়ে এ সমিতি হত দরিদ্র, অজ্ঞাতনামা ও পরিত্যক্ত রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করে থাকে। তাছাড়া চিকিৎসকের পরামর্শ মোতাবেক বিভিন্ন রোগ নিরূপনী পরীক্ষা, এক্স রে, এম আর আই, সিটি স্ক্যান, হুইল চেয়ার, ক্র্যাচ, ওয়াকার, নেবুলাইজার মেশিন, শীতবস্ত্র সহ রোগীদের প্রয়োজন মোতাবেক অন্যান্য সহায়তা করা হয় এ সমিতির মাধ্যমে। শুরু থেকে এ পর্যন্ত তিন লক্ষেরও অধিক রোগীকে সেবা প্রদান করে সমগ্র দেশে এ সমিতি একটি অনন্য সমিতি হিসেবে নিজের স্থান করে নিয়েছে। এ সমিতি তার কার্যক্রমের স্বীকৃতি হিসেবে একাধিকবার জাতীয় সমাজসেবা দিবসে শ্রেষ্ঠ সমিতি হিসেবে পুরস্কৃত হয়েছে। রোগীকল্যাণ সমিতি ও স্বেচ্ছাসেবী সংস্থা দৃষ্টির যৌথ উদ্যোগে পরিচালিত হচ্ছে একান্ত মানবীয় কার্যক্রম “মহিলা মূর্দা সেবা কার্যক্রম”। রোগীকল্যাণ সমিতি এধরনের আরো অনেক কার্যক্রম পরিচালনা করে থাকে। সকল কার্যক্রম পরিচালিত হয় সমাজের চিত্তবান ও বিত্তবান মানুষের আর্থিক ও মানবিক সহায়তায়। রোগীকল্যাণ সমিতির কার্যক্রম সমূহ সাধারণ্যে প্রকাশের উদ্দেশ্য নিয়ে ত্রৈমাসিক “রোগীকল্যাণ বার্তা”র প্রথম সংখ্যাটি প্রকাশিত হয়েছে। এ প্রকাশনাটির জন্য সাহস ও প্রেরণা জুগিয়েছেন রোগীকল্যাণ সমিতির সভাপতি ও চমেক হাসপাতলের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ এবং সমাজসেবা অধিদফতর চট্টগ্রামের উপপরিচালক জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম। আর অক্লান্ত পরিশ্রম করেছেন কার্যকরী পরিষদের অন্যতম সদস্য জনাব মাহমুদুল হাসান সহ অন্যান্য সদস্যবৃন্দ, সমাজসেবা অফিসার অভিজিৎ সাহা, তানজিনা আফরিন, সমিতির কর্মী এরশাদ ও নেজাম উদ্দিন চৌধুরী। আমি সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। তাছাড়া এ সংখ্যাটি প্রকাশের জন্য আর্থিক সহায়তা প্রদান করেছেন এদেশের স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠান প্যাসিফিক জিন্স এর অঙ্গ প্রতিষ্ঠান প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন কর্তৃপক্ষ। আমি প্যাসিফিক জিন্স কর্তৃপক্ষকে রোগীকল্যাণ সমিতির পক্ষ থেকে জানাচ্ছি অসীম কৃতজ্ঞতা। এ প্রকাশনাটি অব্যাহত রাখতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

**হাফেজ মোহাম্মদ আমান উল্ল্যাহ**
তথ্য, প্রচার ও প্রকাশনা সম্পাদক
রোগীকল্যাণ সমিতি, চমেক হাসপাতাল।

# শুভেচ্ছাবাণী



সমাজসেবা অধিদফতরাধীন হাসপাতাল সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির ত্রৈমাসিক নিউজ লেটার “রোগীকল্যাণ বার্তা” প্রকাশকে স্বাগত জানাচ্ছি। সমাজসেবা অধিদফতরের বিভিন্নমূখী কার্যক্রমের মধ্যে অন্যতম কার্যক্রম হাসপাতাল সমাজসেবা কার্যক্রম। সেবার বহুমূখীতার জন্য ইতোমধ্যে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতি সমগ্র বাংলাদেশে একটি অনুকরণীয় সমিতি হিসেবে পরিচিতি পেয়েছে। রোগীকল্যাণ বার্তা প্রকাশনার ফলে সমিতির কার্যক্রম সম্পর্কে সবাই জানতে পারবেন। আমি সমিতির উত্তরোত্তর সাফল্য কামনা করছি। নিউজলেটার “রোগীকল্যাণ বার্তা” প্রকাশনার সাথে জড়িত সকলকে সমাজসেবা অধিদফতর চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের পক্ষ হতে আন্তরিক অভিনন্দন।

**মোহাম্মদ সাইদুল আরীফ**
পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম বিভাগ



# কক্সবাজার সদর হাসপাতালে রোগীকল্যাণ সমিতির সাথে বৈঠক

কক্সবাজার সদর হাসপাতাল রোগীকল্যাণ সমিতির আমন্ত্রনে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির নেতৃবৃন্দ ১৬ নভেম্বর ২০১৮ সন্ধ্যায় কক্সবাজার সদর হাসপাতালে অনুষ্ঠিত মত বিনিময় সভায় অংশগ্রহন করেন। কক্সবাজার সদর হাসপাতাল রোগীকল্যাণ সমিতির সভাপতি ডাঃ পু চ নুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কক্সবাজারের সম্মানিত সিভিল সার্জনসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ, সমাজসেবা অধিদফতরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কক্সবাজার সদর হাসপাতাল রোগীকল্যাণ সমিতিকে আরও কার্যকর ও বেগবান করার জন্য এখানকার সমাজসেবকদের ব্যাপক উৎসাহ লক্ষ্য করা গেছে। সভায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির কার্যক্রম ও অভিজ্ঞতা শেয়ার করা হয়। বেশ কিছু বিষয়ে পরামর্শ ও প্রদান করা হয়। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির পক্ষে উপস্থিত ছিলেন সমিতির সহ-সভাপতি ডাঃ তৈয়ব সিকদার, পাঠাগার সম্পাদক জনাব জিয়াউদ্দিন খালেদ চৌধুরী,কার্যকরী পরিষদ সদস্য আলাহাজ্ব মাহমুদুল হাসান, আলহাজ্ব মুজিবুল হক সিদ্দিকী বাচ্চু এবং সাধারণ সম্পাদক অভিজিৎ সাহা।

## চিকিৎসা সহায়তা পেল ২০,২২২ জন রোগী

১ম পৃষ্ঠার পর

উল্লেখ্য, রোগীকল্যাণ সমিতির তত্ত্বাবধানে হৃদরোগ বিভাগে হেল্প ডেস্ক স্থাপন, বার্ণ এণ্ড প্লাষ্টিক সার্জারী বিভাগের বারান্দায় থাই গ্লাস স্থাপন । শিশু ওয়ার্ডে কম্বল প্রদান, নবজাতক ওয়ার্ডে রেপিং টাওয়াল প্রদান, সাজারী ওয়ার্ডের এক জন বেসরকারী আয়ার বেতন প্রদান এবং অজানা শিশু আরাফাতের লালন পালনকারী রুমা বেগম এর বেতন ভাতা প্রদান করা হয়। রোগীকল্যাণ সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ করা হয় উপদেষ্টা পরিষদের মাধ্যমে। উপদেষ্টা পরিষদের সদস্য ৫ জন। কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা ২৫ জন। কার্যকরী পরিষদের সভাপতি চমেক হাসপাতালের পরিচালক, বিগ্রেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ। এবং সাধারণ সম্পাদক হাসপাতাল সমাজসেবা অফিসার অভিজিৎ সাহা। এ সমিতির বর্তমান আজীবন সদস্য সংখ্যা ১১২৫জন।

## ১০ কোটি টাকার তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা

১ম পৃষ্ঠার পর

পিএইচপি পরিবারের চেয়ারম্যন সুফি মোহাম্মদ মিজানুর রহমান এ ফান্ডে ১ কোটি টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তা বাস্তবায়ন করেছেন। স্মার্ট গ্রুপের চেয়ারম্যান জনাব আলহাজ্ব মোস্তাফিজুর রহমান ১০ লাখ টাকা দিয়েছেন। এছাড়া এ.কে.খান, প্যাসিফিক জিন্স, টি. কে. গ্রুপসহ বিভিন্ন শিল্প গোষ্ঠি ও দানবীরগণ ১০ কোটি টাকার তহবিলে অর্থ দানের প্রতিশ্রুতি দিয়েছেন।




## রোগী কল্যাণ সমিতির সহযোগিতায় মুর্দা গোসল সেবা

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে রোগী কল্যাণ সমিতির সহযোগিতায় ও দৃষ্টি'র পরিচালনায় মেডিকেল কলেজ হাসপাতালে মৃত মহিলা ও পুরুষদের গোসল সম্পদন করা হচ্ছে, যা চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেন্দ্রীয় জামে মসজিদের পাশে অবস্থিত।

হট লাইন : ০১৮৬৫-৫৭৭৮৪৪




শ্রেষ্ঠ হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের পুরস্কার গ্রহণ করেন রোগী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক অজিজিৎ সাহা।



# চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে রোগীকল্যাণ সমিতি কর্তৃক প্রদত্ত সহায়তা



চমেক হাসপাতালে রোগীকল্যাণ সমিতির পক্ষ হতে গাইনী বিভগে বিভিন্ন সময় বিভিন্ন সহায়তা প্রদান করা হয়। CVO Petrochemical এর সহায়তায় একটি কলস্কোপ মেশিন দেয়া হয়। এছাড়া ৩টি লেবার টেবিল, জনাব মোহাম্মদ সেলিম ফ্লোর সংস্কার করে দেন এবং দুটি হুইল চেয়ার প্রদান করা হয়। বার্ন ও প্লাষ্টিক সার্জারী বিভাগের বারান্দায় থাই গ্লাস ফিটিং করা হয় বদর গ্রুপের জনাব গোলাম মোস্তফার সহযোগিতায়। থোরাসিক সার্জারি এবং ডেন্টাল যন্ত্রপাতি প্রদান এবং শিশু সার্জারি বিভাগে যন্ত্রপাতির জন্য ৫ লক্ষ টাকা প্রদান করা হয়। ফিজিওথেরাপি বিভাগে রোগীদের চিকিৎসার জন্য আলাদা কক্ষ এবং এসির ব্যবস্থা করা হয়। অর্থো-সার্জারি বিভাগে ২টি ভিউ বক্স দেয়া হয়। ক্যান্সার ওয়ার্ডে রেডিওথেরাপি মেশিন পরিচালনায় একজন টেকনিশিয়ানের বেতন এর ব্যবস্থা করা হয়েছে। নবজাতক বিভাগে রেপিং টাওয়েল এবং সাকশন টিউব দেয়া হয়। এছাড়া ক্যান্সা বিভাগে ১২টি আউটডোর বেড স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।



# সন্দ্বীপ উপজেলায় রোগী কল্যাণ সমিতি এর হেল্‌থ ক্যাম্পঃ



গত ১৮ জানুয়ারী, শুক্রবার সন্দ্বীপ উপজেলাস্থ চামেলী ফাউন্ডেশন ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগী কল্যাণ সমিতি এর উদ্যেগে সন্দ্বীপ উপজেলার আমানউল্লাহ ইউনিয়নে মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রে দিনব্যাপি ফ্রি হেল্‌থ ক্যাম্প ও খত্‌না ক্যাম্প পরিচালিত হয়। এতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এর সহকারী পরিচালক ডা. শেখ ফজলে রাব্বি ও রোগী কল্যাণ সমিতির সহ সভাপতি ডা. তৈয়ব সিকদার এর নেতৃত্বে ১৬ জন বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন সকাল ১০টা হতে রাত ৮টা পর্যন্ত প্রায় ১২০০জন রোগীর চিকিৎসা ও ২৩জন শিশুর খত্‌না করা হয়। রোগী কল্যাণ সমিতির পক্ষ হতে রোগীদের ঔষধ প্রদান করা হয় এবং গরীব অসহায় নারীদের মাঝে শাড়ী বিতরণ করা হয়। এ হেলথ ক্যাম্পে উত্তর সন্দ্বীপের আমানউল্লাহ, সন্তোষপুর, গাছুয়া ও কালাপানিয়া ইউনিয়নের চিকিৎসা সুবিধাবঞ্চিত মানুষগুলো চিকিৎসা সুবিধা প্রাপ্তির লক্ষ্যে স্থানীয়ভাবে স্থাপিত মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য সেবা নিতে আসেন। মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রটির উন্নয়নে রোগী কল্যাণ সমিতির সহায়তায় একটি ডেন্টাল ইউনিট ও একটি ফিজিওথেরাপি বিভাগ চালু করা হয়েছে। প্রতি বছর রোগী কল্যাণ সমিতির উদ্যোগে এখানে ফ্রি হেল্‌থ ক্যাম্প ও খত্‌না ক্যাম্প পরিচালিত হয়। স্থানীয় গন্যমান্য ব্যক্তি ও জনপ্রতিনিধিগন হেল্‌থ ক্যাম্প পরিদর্শন করেন। রোগী কল্যাণ সমিতির পক্ষে উপস্থিত ছিলেন সহ সভাপতি ডা. তৈয়ব সিকদার, পাঠাগার সম্পাদক জিয়া উদ্দিন খালেদ চৌধুরী, কার্যকরী সদস্য মাহামুদুল হাসান, জনাব মুজিবুল হক ছিদ্দিকী এবং সাধারন সম্পাদক অভিজিৎ সাহা।





# সীতাকুন্ডের রোগীদের পাশে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন



নিলুফা দাশ, বয়স -২, পিতা- টিপলু দাশ বারউলিয়া, সীতাকুন্ড কিডনী আক্রান্ত শিশু দীর্ঘ দিন ধরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ার্ড-০৮ বেড-০৬ এর ভর্তিকৃত। রোগী রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্যাসিফিক জিন্স এর সহায়তায় চিকিৎসা সেবা পাচ্ছেন।

PACIFIC JEANS

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত অসহায় দুঃস্থ ও দরিদ্র রোগীদের ঔষধ পথ্য ও চিকিৎসা সামগ্রী প্রদানে রোগীকল্যাণ সমিতিতে নিয়মিত সহায়তা প্রদান করে যাচ্ছে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন। এছাড়া চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত সীতাকুন্ড উপজেলার দরিদ্র অসহায় রোগীদের চিকিৎসার ব্যয়ভার বহন করছে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন। প্যাসিফিক জিন্স এর পরিচালক এস.এম. তানভীর বলেন দরিদ্র রোগীদের সহায়তায় রোগীকল্যাণ সমিতির পাশে সবসময় আছে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন।

## ত্রিপক্ষীয় চুক্তি

অষ্টম পৃষ্ঠার পর

আমরা সরকারী এ সেবা আরো সহজ ও কার্যকর করতে কর্তৃপক্ষকে সাধ্যমত সহায়তা প্রদান করব। এই চুক্তি স্বাক্ষর অনুষ্টানে রোটারি জেলা ও ক্লাব নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রাথমিক পর্যায়ে রোটারি ক্লাব অব চিটাগাং মেরিন সিটি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হৃদরোগ বিভাগে কম্পিউটারসহ একটি হেল্প ডেস্ক স্থাপনের কার্যক্রম গ্রহন করে। ভবিষ্যতে এ সহায়তা অব্যহত থাকবে। এই উদ্যেগের আওতায় Team Ctg এর কয়েকজন উদ্যমী তরুন সার্বক্ষণিক রোগীদের সহায়তার জন্য হেল্প ডেস্কে নিয়োজিত রয়েছে। যারা হৃদরোগ বিভাগের অভিজ্ঞ ডাক্তাদের দ্বারা প্রশিক্ষণপ্রাপ্ত ।

## রোগীকল্যাণ সম্মাননা ২০১৭



চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম নাসির উদ্দিনের নিকট হতে রোগীকল্যাণ সম্মাননা ক্রেষ্ট গ্রহন করছেন মরহুম আলহাজ্ব এস, এম, শফির দৌহিত্র ডাঃ খুরশিদ আনোয়ার।

রোগীকল্যাণ সমিতির ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে রোগীকল্যাণে বিশেষ অবদান রাখায় পিএইচপি পরিবার, এ,কে,খান ফাউন্ডেশন, আলহাজ্ব সামশুল আলম শামীম, লেখিকা ফাহমিদা আমিন (মরণোত্তর ), আলহাজ্ব এস,এম, শফি (মরণোত্তর) , আলহাজ্ব রুনু সিদ্দিকী (মরণোত্তর) ও সাংবাদিক আলহাজ্ব হেলাল হুমায়ুন (মরণোত্তর)কে এই সম্মাননা প্রদান করা হয়।

## মোহাম্মদ শফিকে রোগী কল্যাণ সমিতির আর্থিক সহায়তা প্রদান

মোহাম্মদ শফি, গ্রাম- হাশিমপুর, চন্দনাইশ, চট্টগ্রাম। যিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি ছিলেন, ভর্তি থাকাকালীন সময়ে রোগী কল্যাণ সমিতি চমেক হাসপাতাল হতে তাকে ঔষধ পথ্য সহায়তা ও এম্বুলেন্সের মাধ্যমে তাকে বাড়িতে প্রেরণের ব্যবস্থা করা হয়। কিন্তু চিকিৎসায় থাকাকালীন সময়ে তার পরিবার আর্থিক অসচ্ছলতার কারণে গ্রামীণ ব্যাংক, সাতবাড়িয়া শাখা থেকে ঋণ গ্রহন করে, কিছু ঋণ তার পরিবার হতে পরিশোধ করতে পারলে ও বাকী অংশ পরিশোধে ব্যর্থ হয়. তার পরিবার। এ বিষয়ে রোগী কল্যাণ সমিতি চমেক হাসপাতালে অবহিত করলে রোগী কল্যাণ সমিতি চমেক হাসপাতালের কার্যকরী সদস্য বৃন্দ তার পরিবারকে ঋণ পরিশোধে আর্থিক সহায়তা প্রদান করেন।



মোহাম্মদ শফির স্ত্রী মাহমুদা সুলতানা কে ঋণ পরিশোধের অর্থ প্রদান করেন রোগী কল্যাণ সমিতির সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ, সহ সভাপতি ডাঃ তৈয়ব সিকদার, সাধারণ সম্পাদক অভিজিৎ সাহা, তথ্য প্রকাশনা ও প্রচার সম্পাদক আলহাজ্ব হাফেজ মোহাম্মদ আমান উলাহ, কার্যকরী সদস্য আলহাজ্ব মাহমুদুল হাসান, আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকী ও মোহাম্মদ আবছার উদ্দিন চৌধুরী



## চিকিৎসাপ্রাপ্ত প্রতিবন্ধী রোগী মাহবুবুল আলমের পুণর্বাসন

মাহবুবুল আলম ঃ ২০১৬ ইং সালের ৩ রমজানের দিন সকালে প্রতিদিনের মতই টমটমে চড়ে কাজে যাচ্ছিলেন মাহবুবুল আলম। হঠাৎ টমটম গাড়ী উল্টে যায়। ফলাফল Spinal cord injury। সে তার শরীরের কোমর থেকে নিচের দিকে দুই পায়ের অনুভুতি শক্তি হারিয়ে চলৎশক্তিহীন হয়ে পড়ে। এর পর তাকে ভর্তি করানো হয় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে। রোগীকল্যাণ সমিতি তাকে সার্বক্ষণিক মনিটরিং করত। প্রথমে তাকে ভর্তি রাখা হয় অর্থোপেডিকস ডিপার্টমেন্টে। এর পর নিউরো সার্জারী ডিপার্টমেন্টে। চিকিৎসায় আশানুরুপ ফলাফল না আসায় তাকে ঢাকা সাভারে অবস্থিত পক্ষাঘাত গ্রস্থদের পূণর্বাসন কেন্দ্র সি আর পি তে চিকিৎসা নেয়ার পর বর্তমানে সে অনেকটাই সুস্থ আছে। সে হাঁটতে না পারলে ও হুইল চেয়ার ব্যবহার করে চলাফেরা করতে পারছে। তাকে সমাজে নতুন করে পূণর্বাসনের লক্ষ্যে রোগীকল্যাণ সমিতির আর্থিক সহযোগিতায় তার গ্রামের বাড়ীতে তাকে একটি দোকনের ব্যবস্থা করে দেয়া হয়। যাতে তিনি দোকান পরিচালনার মাধ্যমে তার পরিবারে ভরনপোষনের ব্যবস্থা করতে পারেন, বর্তমানে তিনি হুইল চেয়ার এ বসে তার দোকান পরিচালনা করছেন এবং নূতন করে বাচাঁর স্বপ্ন দেখছেন।

# রোগী কল্যাণ সমিতির কার্যক্রম



রোগী কল্যাণ সমিতির সভাপতির সংবর্ধনা ও বিদায় অনুষ্ঠানে উপদেষ্টা ও কার্যকরী কমিটির সদস্যবৃন্দ



রোগী কল্যাণ সমিতি হতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে ব্যবহারের জন্য হুইল চেয়ার ও অক্সিজেন সিলিন্ডার প্রদান।



রাঙ্গুনিয়ার সাবেক এম পি মুক্তিযোদ্ধা ইউসুফ চৌধুরীকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি থাকাকালীন সময়ে ঔষধ ও অনান্য সহায়তা প্রদান করা হয়।



মুক্তিযোদ্ধা রমা চৌধুরীকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকালীন সময়ে ঔষধ, পথ্য ও সহায়তা প্রদান



চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের দন্ত বিভাগে যন্ত্রপাতি প্রদান।



রোগী ক্যলাণ সমিতির নবাগত সভাপতির সাথে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মোহাম্মদ শহিদুল ইসলাম এর সৌজন্য সাক্ষাৎ।



শারিরীক প্রতিবন্দী রোগীদের মাঝে রোগী কল্যাণ সমিতির কার্যকরী সদস্যবৃন্দ হুইল চেয়ার বিতরণ করছেন।



রোগী কল্যাণ সমিতির আজীবন সদস্য সনদ গ্রহণ করছেন তৎকালীন উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) এস এম মোস্তাইন হোসেন।




দীর্ঘ মেয়াদী অসুস্থ আবদুল মোনাফ কে সমিতির কর্মচারীগণ কর্তৃক শীতবস্ত্র ও ঔষধ প্রদান।

রোগীকল্যাণ বার্তা

Web Site : www.rksbd.com
https//www.রোগী কল্যাণ সমিতি চমেকহা...
E-mail : rksctg2015@ gmail.com

# পরিত্যাক্ত শিশু আরাফাত ও তরুনী রুমা



২০১৭ ইং তারিখে ১০ সেপ্টেম্বর একটি শিশুকে নিউরো সার্জারি বিভাগে ফেলে চলে যান অভিভাবকেরা। তখন তার বয়স ছিল ১৫ দিন নানা ধরনের জন্মগত ত্রুটি রয়েছে আরাফাত নামের শিশুটির। কক্সবাজারের তরুণী রুমা আকতার তার খালাতো বোনের অসুস্থ মেয়েকে দেখাশোনার জন্য একই বিভাগে পাশের একটি শয্যায় ছিলেন। ২-৩ দিনের মধ্যেই তিনি অভিভাবকহীন এই শিশুটির মায়ায় পড়ে যান। সে মায়ার বাঁধন এমনই এক বছর ধরে হাসপাতালই যেন ঘরবাড়ী হয়েগেছে তার। নিজের আত্মীয় না হলেও ফেলে যাওয়া আরাফাত নামে শিশুটিকে বড় করে তুলেছেন তিনি। চিকিৎসকরা জানান,আরাফাত জন্মগতভাবে মেলিনগোমাইলেসিস এ আক্রান্ত। সে দুই পা স্বাভাবিকভাবে নাড়াতে পারতনা। এছাড়া মস্তিষ্কে পানি ছিল। হার্নিয়ার সমস্যা ও ছিল তার। তিনটি অস্ত্রোপাচারের মাধ্যমে আরাফাত এখন এই সমস্যামুক্ত । এই পুরো সময়জুড়ে পাশে ছিল রোগীকল্যাণ সমিতি । দেড় বছর ধরে হাসপাতালের ওয়ার্ডে বেড়ে উঠা ছেলে আরাফাতকে মায়ের স্নেহে কাছে টেনে নিতে তরুণী রুমার কম ত্যাগ স্বীকার করতে হয়নি। মাঝে তো ছেলে সঙ্গে বিচ্ছেদের আশঙ্কাও তৈরী হয়েছিল। নিয়মানুযায়ী আরাফাতকে সরকারী ছোট মনি নিবাসে পাঠানোর কথা। কিন্তু রুমার তীব্র আপত্তির মুখে দ্বিধায় পড়ে যায় হাসপাতাল ও সমাজসেবা কর্তৃপক্ষ। অবশেষে মা ছেলেকে এক সঙ্গে রাখার উদ্যোগ নেয় কর্তৃপক্ষ।




শুধু প্রয়োজন একটু ত্যাগ স্বীকার
একটুখানি সহৃদয়তা

মানুষের প্রতি বিশ্বাস আর ভালোবাসাই
মানুষের সবচেয়ে বড় অবলম্বন

আপনার দান ও যাকাতের অর্থ প্রেরণ করতে পারেন

| তহবিলের নাম | হিসাব নং | ব্যাংকের নাম |
|---|---|---|
| রোগীকল্যাণ সমিতি (দান হিসাব) ঃ | হিসাব নং ঃ ২৭০৬৩৪০০০৪০৬/ ০২০০০০২৯৭৬৬৪২ | অগ্রণী ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| | হিসাব নং ঃ ১৪২২৩০১০০০০০০৪৪৫ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| রোগীকল্যাণ সমিতি (যাকাত হিসাব) ঃ | হিসাব নং ঃ ২৭০৬৩৪০৩২২৩৪/ ০২০০০০৩০৪৬০১৩ | অগ্রণী ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| | হিসাব নং ঃ ১৪২২৩০১০০০০০০১৪৮ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |

যোগাযোগ

সভাপতি : রোগীকল্যাণ সমিতি
মোবাইল : +৮৮০ ০১৭৬৯২৪৭৫৬৮
ফোন : +৮৮০ ৩১-৬৩০১৭৯

সাধারণ সম্পাদক : রোগীকল্যাণ সমিতি
ওয়ার্ড নং-৭, কক্ষ নং-২৪৯, চট্টগ্রাম মেডিকেল কলেজ, হাসপাতাল
মোবাইল : +৮৮০ ০১৭০৮৪১৪৬০৪, ফোন : ০৩১-৬১৬০৩৭,

রোগীকল্যাণ সমিতি
হাসপাতাল সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, বাংলাদেশ
www.rksbd.com




## চমেক হৃদরোগ বিভাগে হেল্প ডেস্ক স্থাপনে ত্রিপক্ষীয় চুক্তি

রোটারি ক্লাব অব চিটাগাং মেরিন সিটি, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হৃদরোগ বিভাগ ও রোগীকল্যাণ সমিতির মধ্যে ত্রি-পক্ষীয় সহায়তা চুক্তি রোটারি জেলা ৩২৪২ গভর্ণর রোটারিয়ান দিল নাসিন মোহসেনের উপস্থিতিতে স্বাক্ষরিত হয়। রোটারিয়ান ক্যাপ্টেন ফয়সাল আজিম, ডাঃ সালেহ সালাউদ্দিন উজ্জল ও অভিজিৎ সাহা স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন। চুক্তির আওতায় হৃদরোগ বিভাগের সকল রোগী-দের সঠিক ও উন্নত চিকিৎসা প্রদানে সর্বোচ্চ চেষ্টা করা হবে। রোটারিয়ান ক্লাব অফ চিটাগাং মেরিন সিটির প্রেসিডেন্ট রোটারিয়ান ক্যাপ্টেন ফয়সাল আজিম বলেন কম খরচে সর্বোত্তম ও নিরাপদ চিকিৎসা সরকারী হাসপাতাল গুলোতেই দেওয়া হয়। অথচ তা প্রচার পায়না।

৫ম পৃষ্ঠায়

উপদেষ্টা ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ, পরিচালক, চমেক হাসপাতাল। মোহাম্মদ সাঈদুল আরীফ, বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর। মোহাম্মদ শহিদুল ইসলাম, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম। ডা: তৈয়ব সিকদার, সহ-সভাপতি, রোগী কল্যাণ সমিতি। আলহাজ্ব বোরহানা কবির, আলহাজ্ব জিয়াউদ্দিন খালেদ চৌধুরী, আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকী, আলহাজ্ব মিনু আলম, কার্যকরী সদস্য, রোগী কল্যাণ সমিতি।
সম্পাদনা পরিষদ ঃ হাফেজ মোহাম্মদ আমান উল্লাহ, মাহমুদুল হাসান, অভিজিৎ সাহা, তানজিনা আফরিন, মোহাম্মদ নেজামুল হক চৌধুরী, রশিদ আহমদ এরশাদ।
প্রকাশক ঃ রোগীকল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যালয় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এর পক্ষে মাহমুদুল হাসান। প্রকাশক কর্তৃক স্বত্ত সংরক্ষিত।

পৃষ্ঠপোষকতায় :
PACIFIC JEANS FOUNDATION